

বিমানের ম্যানচেস্টার ফ্লাইট দুই মাস বন্ধ

- A Monitor Desk Report

Date: 30 January, 2025



ঢাকাঃ হজ ফ্লাইটকে অগ্রাধিকার দিতে ঢাকা-সিলেট-ম্যানচেস্টার রুটে ফ্লাইট সাময়িক স্থগিত করেছে বিমান বাংলাদেশ এয়ারলাইনস।

বুধবার (২৯ জানুয়ারি)বিমানের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

এতে বলা হয়েছে, ‘প্রতি বছরের ন্যায় সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে হজফ্লাইট পরিচালনা করার পরিকল্পনা গ্রহণ করেছে। এ লক্ষ্যে আগের ন্যায় বিমান বাংলাদেশ এয়ারলাইন্স বিভিন্ন রুটে যাত্রী চাহিদা বিবেচনায় ফ্লাইট সংখ্যা কিছুটা হ্রাস-বৃদ্ধি এবং এয়ারক্রাফট পরিবর্তন ও সমন্বয় সাধনের মাধ্যমে হজ ফ্লাইটগুলো পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে।’

‘হজ-২০২৫ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে এবং এয়ারক্রাফট স্ফলতার জন্য ঢাকা-সিলেট-ম্যানচেস্টার রুটের ও ফিরতি রুটের ফ্লাইট আগামী ১ মে থেকে ১০ জুলাই পর্যন্ত সাময়িক স্থগিত রাখা হয়েছে। হজ ফ্লাইট শেষে আগামী ১১ জুলাই থেকে আগের মতো ঢাকা-সিলেট-ম্যানচেস্টার রুটে সপ্তাহে দুই দিন করে নিয়মিত ফ্লাইট পরিচালিত হবে।’

‘যদি ইতোমধ্যে কেউ ১ মে থেকে ১০ জুলাইয়ের মধ্যে ঢাকা-সিলেট-ম্যানচেস্টার বা ফিরতি রুটের টিকিট কিনে থাকেন, তাহলে চাহিদা অনুযায়ী বাড়তি খরচ ছাড়াই টিকিটের ঢাকা ফেরত দেওয়া হবে বা সিট খালি থাকা সাপেক্ষে বিনামূল্যে ফ্লাইটের তারিখ পরিবর্তন করতে পারবেন।’

একইসঙ্গে যাত্রীরা চাইলে তাদের যাত্রার রুটটি ঢাকা-সিলেট-ম্যানচেস্টার এর পরিবর্তে ঢাকা-সিলেট-লন্ডন রুটে বিনা খরচে পরিবর্তন করতে পারবেন বলে জানিয়েছে বিমান।

